ষাণ্মাসিক

# উদয়বার্তা

হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ সংবাদ

**UDOYBARTA**

৩য় বর্ষ ▸ ৬ষ্ঠ সংখ্যা ▸ জানুয়ারি - জুন ২০১৮




হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ
Halishahar Cantonment Public School & College
www.hcpsc.edu.bd, Email : info@hcpsc.edu.bd

# সূচিপত্র


| | |
|---|---|
| নতুন সভাপতি মহোদয়ের আগমন | ০১ |
| নতুন অধ্যক্ষ মহোদয়ের দায়িত্ব গ্রহণ | ০১ |
| প্রাক্তন অধ্যক্ষ মহোদয়ের বিদায়-সংবর্ধনা | ০১ |
| জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা-২০১৮ | ০২ |
| ৫ম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন | ০২ |
| বই উৎসব : পাঠ্য পুস্তক বিতরণ | ০২ |
| শ্রেষ্ঠ শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ-২০১৭ | ০৩ |
| বিভিন্ন পাবলিক পরীক্ষায় বৃত্তিপ্রাপ্তদের তালিকা | ০৩ |
| [illegible] পুরস্কার বিতরণী অনুষ্ঠান-২০১৮ | ০৪-০৭ |
| [illegible] মৃত্যুবরণকারী দুই শিক্ষার্থীর নিরাপত্তা জামানতের টাকা প্রদান | ০৮ |
| যথাযোগ্য মর্যাদায় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন | ০৮ |
| ৭ মার্চের ভাষণ উদযাপন-২০১৮ | ০৯ |
| জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৯৮তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশুদিবস পালন | ০৯ |
| গণহত্যা দিবস-২০১৮ | ০৯ |
| স্বাধীনতা দিবস উদযাপন-২০১৮ | ১০ |
| পহেলা বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ উদযাপন | ১০ |
| সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০১৮ | ১১ |
| জাতীয় শিক্ষা সপ্তাহ ২০১৮-এ শ্রেষ্ঠ শিক্ষাপ্রতিষ্ঠান HCPSC | ১১ |
| ৪৭তম জাতীয় স্কুল ও মাদ্রাসা শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা-২০১৭-১৮ | ১১ |
| আন্তঃ-ক্যান্টনমেন্ট খেলাধুলা প্রতিযোগিতা-২০১৮ | ১১ |
| বার্ষিক শিক্ষাসফর-২০১৮ | ১২ |
| [illegible] | ১৩ |
| এসএসসি ২০১৮-এ কৃতিত্বপূর্ণ ফলাফল | ১৩ |
| এইচএসসি ২০১৮ ব্যাচের বিদায় | ১৩ |
| ৩ দিনব্যাপী শিক্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত | ১৪ |
| স্কাউট ট্রেনিং | ১৪ |
| Workshop on Quality Education-2018 | ১৪ |
| মহাপরিচালক, বিএনসিসি কর্তৃক প্লাটুন পরিদর্শন কর্মসূচি | ১৫ |
| উন্নয়নমূলক কর্মকাণ্ড | ১৫ |
| একাদশ শ্রেণিতে অনলাইন ভর্তি কার্যক্রম-২০১৮ | ১৫ |
| হাউজভিত্তিক দেয়ালিকা উন্মোচন | ১৬ |
| ৩৯তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ-২০১৮ | ১৬ |
| অভিভাবক সমাবেশ | ১৬ |
| Visitors' Book | ১৭ |


## সম্পাদনা পর্ষদ


*প্রধান উপদেষ্টা*
ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল মজিদ
এনডিসি, পিএসসি, জি
কমান্ড্যান্ট, আর্টিলারি সেন্টার ও স্কুল
ও
সভাপতি, পরিচালনা পর্ষদ
হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ

*উপদেষ্টা*
লে. কর্নেল রকিব উদ্দিন আহমেদ, পিএসসি, অধ্যক্ষ

*সম্পাদক*
রাইসুল ইসলাম, সিনিয়র প্রভাষক, ইংরেজি

*সহযোগী সম্পাদকবৃন্দ*
আনন্দ কুমার বিশ্বাস, প্রভাষক, বাংলা
আল ইমরান নূর ইমন, জুনিয়র শিক্ষক, চারু ও কারুকলা
মৌসুমী দাশ গুপ্তা, জুনিয়র শিক্ষক, ইংরেজি

*স্থিরচিত্র সংগ্রাহক*
আল ইমরান নূর ইমন, জুনিয়র শিক্ষক, চারু ও কারুকলা
আবু জোবায়ের রাসেল, জুনিয়র শিক্ষক, ব্যবসায় শিক্ষা
আবুল কাশেম, এটেন্ড্যান্ট কাম ম্যাসেঞ্জার

*প্রকাশকাল*
আগস্ট ২০১৮






## অধ্যক্ষের দপ্তর থেকে

শিক্ষা, শৃঙ্খলা, দেশপ্রেম ও নৈতিকতা–এই চারটি মূলনীতিকে লালন করে হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ-এর শিক্ষা-কার্যক্রম এগিয়ে চলেছে। আর শিক্ষার পাশাপাশি সহশিক্ষা কার্যক্রম এ-শিক্ষাকে পূর্ণতা প্রদান করে। এ সকল কিছুর প্রতিচ্ছবি সংবাদ আকারে ধারাবাহিকভাবে 'উদয়বার্তা'য় প্রকাশিত হচ্ছে। প্রতিষ্ঠানের মুখপত্র 'উদয়বার্তা'র ষষ্ঠ সংখ্যা প্রকাশ পেতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। সকলের প্রতি রইল নিরন্তর শুভেচ্ছা।

শুভেচ্ছান্তে–

লে. কর্নেল রকিব উদ্দিন আহমেদ, পিএসসি
অধ্যক্ষ
হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ

# নতুন সভাপতি মহোদয়ের আগমন



নতুন সভাপতি ব্রি. জে. মোঃ আব্দুল মজিদ এনডিসি, পিএসসি, জি



সম্মাননা স্মারক নিচ্ছেন প্রাক্তন সভাপতি ব্রি. জে. আবু মোহাম্মদ মুনির আলিম বিএসপি, এনডিসি, পিএসসি, জি

হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের সভাপতি হিসেবে ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল মজিদ, এনডিসি, পিএসসি, জি গত ১০ জুন ২০১৮ তারিখে যোগদান করেন। মাননীয় সভাপতি দায়িত্ব গ্রহণের পর গত ১৮ জুলাই ২০১৮ তারিখে প্রথমবারের মতো প্রতিষ্ঠান পরিদর্শনে আসেন এবং শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীদের সাথে সংক্ষিপ্ত সভায় মিলিত হয়ে বিভিন্ন দিক-নির্দেশনা প্রদান করেন। উল্লেখ্য যে, গত ০৯ জুন ২০১৮ তারিখে প্রাক্তন সভাপতি ব্রিগেডিয়ার জেনারেল আবু মোহাম্মদ মুনির আলিম, বিএসপি, এনডিসি, পিএসসি, জি মহোদয়ের এক অনাড়ম্বর বিদায়-সংবর্ধনা অনুষ্ঠিত হয়।

# নতুন অধ্যক্ষ মহোদয়ের দায়িত্ব গ্রহণ

গত ১৪ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে লে. কর্নেল রকিব উদ্দিন আহমেদ, পিএসসি হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের নতুন অধ্যক্ষ হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। দায়িত্ব গ্রহণের সময় অধ্যক্ষ মহোদয়ের কার্যালয়ে উপাধ্যক্ষ, অফিস সুপার ও প্রতিষ্ঠানের এসআরও উপস্থিত ছিলেন। ইতঃপূর্বে নতুন অধ্যক্ষ মহোদয় ডিটাচমেন্ট কমান্ডার হিসেবে আর্মি সিকিউরিটি ইউনিট কুমিল্লায় দায়িত্ব পালন করেন।



# প্রাক্তন অধ্যক্ষ মহোদয়ের বিদায় সংবর্ধনা



গত ১৪ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের প্রাক্তন অধ্যক্ষ মহোদয়ের বিদায়-সংবর্ধনা অনুষ্ঠিত হয়। বিদায় অনুষ্ঠানে নতুন অধ্যক্ষসহ প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে শিক্ষকদের পক্ষ থেকে মানপত্র পাঠ ও অধ্যক্ষ মহোদয়ের প্রায় সাড়ে তিন বছরের কর্মকাণ্ডের উল্লেখযোগ্য বিষয়ের ওপর আলোকপাত করা হয়।

উল্লেখ্য যে, লে. কর্নেল মোহাম্মদ নুরুজ্জামান, জি ২৫ সেপ্টেম্বর ২০১৪ তারিখে অধ্যক্ষ হিসেবে দায়িত্ব গ্রহণ করেছিলেন।



মহামান্য রাষ্ট্রপতি মহোদয়ের হাত থেকে পুরস্কার নিচ্ছে আশনান সামারা

# জাতীয় শিশু
## পুরস্কার প্রতিযোগিতা ২০১৮

হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ থেকে একঝাঁক তরুণ শিক্ষার্থী 'জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা ২০১৮'-এ অংশগ্রহণ করে। জেলাপর্যায়ে কৃতিত্বের স্বাক্ষর রেখে প্রথম স্থান-অর্জনকারী আশনান সামারা ও ফাহবিন শুরাহ সোহা অঞ্চলপর্যায়ে অংশগ্রহণের সুযোগ লাভ করে। আশনান সামারা 'দেশের গান' ইভেন্টে জাতীয়পর্যায়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে এবং ফাহবিন শুরাহ সোহা 'পল্লিগীতি' ইভেন্টে জাতীয় পর্যায়ে তৃতীয় স্থান অধিকার করে।

# ৫ম প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপন

হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ কর্তৃক আয়োজিত ৫ম প্রতিষ্ঠাবার্ষিকী ২০১৮, গত ২০ জানুয়ারি সফলভাবে সম্পন্ন হয়। অনুষ্ঠানের প্রধান আকর্ষণ ছিল শ্রেষ্ঠ শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের পুরস্কৃত করা। এছাড়াও প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কেটে অনুষ্ঠান উদ্বোধন করার পাশাপাশি প্রত্যেক শ্রেণিতে কেক কেটে জাঁকজমকপূর্ণ প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়।







# বই উৎসব
## পাঠ্য পুস্তক বিতরণ

সরকারি নির্দেশনা-মোতাবেক সারা দেশের অন্যান্য স্কুলের ন্যায় হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজে ০১ জানুয়ারি তারিখে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ করা হয়। শিক্ষার্থীদের মাঝে পাঠ্য পুস্তক বিতরণ করেন প্রতিষ্ঠানের মাননীয় সভাপতি ব্রিগেডিয়ার জেনারেল আবু মোহাম্মদ মুনির আলিম, বিএসপি, এনডিসি, পিএসসি, জি মহোদয়। বছরের প্রথম দিবসে নতুন বই পেয়ে শিক্ষার্থীরা আনন্দে মেতে ওঠে।



# শ্রেষ্ঠ শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ-২০১৭



শ্রেষ্ঠ শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ

প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীদের কাজের দক্ষতা, একাগ্রতা, নৈতিকতা, পারদর্শিতা ও আন্তরিকতার উপর ভিত্তি করে ২০১৭ সালের শ্রেষ্ঠ শিক্ষার্থী, শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারী নির্বাচন করা হয়। নির্বাচিতরা হলেন :

| ক্যাটাগরি | নাম | শ্রেণি/পদবি |
|---|---|---|
| শ্রেষ্ঠ শিক্ষার্থী (কেজি-২য়) | রাওজাদ হোসেন | ১ম শ্রেণি (ইংলিশ ভার্সন) |
| শ্রেষ্ঠ শিক্ষার্থী (৩য় - ৫ম) | জোবায়ের হাসান | ৫ম শ্রেণি (বাংলা ভার্সন) |
| শ্রেষ্ঠ শিক্ষার্থী (৬ষ্ঠ - ৮ম) | আরবিনা মুনতাহা | ৮ম শ্রেণি (বাংলা ভার্সন) |
| শ্রেষ্ঠ শিক্ষার্থী (৯ম - ১২শ) | মোঃ ইরফান হোসেন | ১২শ শ্রেণি (বিজ্ঞান বিভাগ) |
| শ্রেষ্ঠ শ্রেণি প্রতিনিধি (প্রাইমারি শাখা) | মোঃ মেহেদি হাসান ফয়সাল | ৫ম শ্রেণি (বাংলা ভার্সন) |
| শ্রেষ্ঠ শ্রেণি প্রতিনিধি (প্রাইমারি শাখা) | সালমা নাওয়ার রোদেলা | ৫ম শ্রেণি (বাংলা ভার্সন) |
| শ্রেষ্ঠ শ্রেণি প্রতিনিধি (স্কুল শাখা) | ফাহিম হোসেন | ৮ম শ্রেণি (বাংলা ভার্সন) |
| শ্রেষ্ঠ শ্রেণি প্রতিনিধি (স্কুল শাখা) | নাজিফা আলম | ৬ষ্ঠ শ্রেণি (বাংলা ভার্সন) |
| শ্রেষ্ঠ শ্রেণি প্রতিনিধি (স্কুল শাখা) | আমেনা খানম | ১০ম শ্রেণি (বিজ্ঞান বিভাগ) |
| শ্রেষ্ঠ শ্রেণি প্রতিনিধি (কলেজ শাখা) | মাহবুব জামান | ১২শ শ্রেণি (বিজ্ঞান বিভাগ) |
| শ্রেষ্ঠ সাপোর্টিং স্টাফ (অভ্যন্তরীণ) | জনাব আহমত আলী | অফিস সহকারী |
| শ্রেষ্ঠ সাপোর্টিং স্টাফ (অভ্যন্তরীণ) | জনাব স্বপ্না রাণী | আয়া |
| শ্রেষ্ঠ সাপোর্টিং স্টাফ (বহি.) | জনাব হযরত আলী | মালী কাম ক্লিনার |
| শ্রেষ্ঠ সাপোর্টিং স্টাফ (বহি.) | জনাব আকবর হোসেন | ড্রাইভার |
| শ্রেষ্ঠ গাইড শিক্ষক (কেজি - ২য়) | জনাব ফারজানা আক্তার | জুনিয়র শিক্ষক |
| শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক (৩য় - ১২শ) | জনাব প্রণবীর দাশ | সহকারী শিক্ষক (গণিত) |
| শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক (৩য় - ১২শ) | জনাব হোসনে আরা আক্তার | সহকারী শিক্ষক (বাংলা) |
| শ্রেষ্ঠ বিষয় শিক্ষক (বাংলা) | জনাব খালেদ বিন সাইফুল্লাহ | সহকারী শিক্ষক (বাংলা) |
| শ্রেষ্ঠ বিষয় শিক্ষক (ইংরেজি) | জনাব ইব্রাহিম খলিলুল্লাহ ইমন | সহকারী শিক্ষক (ইংরেজি) |
| শ্রেষ্ঠ বিষয় শিক্ষক (গণিত) | জনাব আমিনুল ইসলাম সরকার | সহকারী শিক্ষক (গণিত) |
| শ্রেষ্ঠ বিষয় শিক্ষক (বিজ্ঞান) | জনাব রূপি মিত্র | সহকারী শিক্ষক (বিজ্ঞান) |
| শ্রেষ্ঠ বিষয় শিক্ষক (ব্যবসায় শিক্ষা) | জনাব আবদুল জলিল | সিনিয়র প্রভাষক (হিসাববিজ্ঞান) |
| শ্রেষ্ঠ বিষয় শিক্ষক (মানবিক ও অন্যান্য) | জনাব কাউসার আলম | সহকারী শিক্ষক (ইসলাম শিক্ষা) |

## বিভিন্ন পাবলিক পরীক্ষায় বৃত্তিপ্রাপ্তদের তালিকা

পিইসিই পরীক্ষা-২০১৭-এ বৃত্তিপ্রাপ্তদের তালিকা

| ক্রম | রোল | শিক্ষার্থীর নাম | |
|---|---|---|---|
| ১ | ৪৩১২ | জোবায়ের হাসান | ট্যালেন্টপুল |
| ২ | ৪৩১৩ | মোঃ মেহেদী হাসান ফয়সাল | ট্যালেন্টপুল |
| ৩ | ৪৩১৪ | ফাইয়াজ আমিন | ট্যালেন্টপুল |
| ৪ | ৪৩১৬ | মোঃ তাহুনিমুল হাসান সাইম | ট্যালেন্টপুল |
| ৫ | ৪৩১৮ | সাফিয়ান রহমান | ট্যালেন্টপুল |
| ৬ | ৪৩২০ | আরিয়ান রহমান | ট্যালেন্টপুল |
| ৭ | ৪৩২১ | আহনাফ তাহমিদ | ট্যালেন্টপুল |
| ৮ | ৪৩২৪ | সাহিব শাহারিয়ার | ট্যালেন্টপুল |
| ৯ | ৪৩২৫ | খালিদ বিন আমজাদ | ট্যালেন্টপুল |
| ১০ | ৪৩৪৬ | আতিয়াব ইমরান আজিজ | ট্যালেন্টপুল |
| ১১ | ৪৩৯৫ | জেরিন তাসনিম কান্তা | ট্যালেন্টপুল |
| ১২ | ৪৩৯৬ | যারীন জুনায়নাহ্ | ট্যালেন্টপুল |
| ১৩ | ৪৩৯৭ | লামিয়া তাবাসসুম | ট্যালেন্টপুল |
| ১৪ | ৪৩৯৮ | সৈয়দা ফাইরুজ আদিবা | ট্যালেন্টপুল |
| ১৫ | ৪৩৯৯ | সালমা নাওয়ার | ট্যালেন্টপুল |
| ১৬ | ৪৪১৭ | রাইয়ানা ইসলাম সিক্ত | ট্যালেন্টপুল |
| ১৭ | ৪৪২৭ | রুবাইয়াত রহমান দিপি | ট্যালেন্টপুল |
| ১৮ | ৪৩৬১ | মোহাম্মদ আহনাফ তাইয়্যেব | ট্যালেন্টপুল |
| ১৯ | ৪৩৬২ | আবরার আরিফ মাহিম | ট্যালেন্টপুল |
| ২০ | ৪৩৬৩ | সরদার রুবাইয়াৎ করিম | ট্যালেন্টপুল |
| ২১ | ৪৩৬৪ | আইমান-আল-তাহ্মীদ | ট্যালেন্টপুল |
| ২২ | ৪৩৬৫ | মোহাম্মদ শাহরুল করিম | ট্যালেন্টপুল |
| ২৩ | ৪৩৬৬ | শুভদীপ দাশ প্রান্ত | ট্যালেন্টপুল |
| ২৪ | ৪৩৭২ | মোহাম্মদ ইমতিয়াজ রেজা | ট্যালেন্টপুল |
| ২৫ | ৪৪৩৬ | ইফফাত আরমানি নুহা | ট্যালেন্টপুল |
| ২৬ | ৪৪৩৭ | ঐশী চৌধুরী | ট্যালেন্টপুল |
| ২৭ | ৪৪৩৮ | স্নেহা সাহা | ট্যালেন্টপুল |
| ২৮ | ৪৪৪০ | নামিরা নাওয়ার ফারাত্তা | ট্যালেন্টপুল |
| ২৯ | ৪৪৪৯ | মুত্তাকিনা আফ্রিদা | ট্যালেন্টপুল |
| ১ | ৪৩৬৭ | রওনক চৌধুরী অর্ক | সাধারণ |
| ২ | ৪৩৬৮ | জুবায়ের ইবনে হক | সাধারণ |
| ৩ | ৪৩৬৯ | মোঃ তাহমিদ মুহতাদী | সাধারণ |
| ৪ | ৪৪৪১ | ইনতিশা তৌফিক অধরা | সাধারণ |

জে.এস.সি পরীক্ষা-২০১৭-এ বৃত্তিপ্রাপ্তদের তালিকা

| ক্রম | রোল | শিক্ষার্থীর নাম | |
|---|---|---|---|
| ১ | ১৫০৩৪৪ | আরবিনা মুনতাহা | ট্যালেন্টপুল |
| ২ | ১৫০৩৫৪ | সেজুতি বড়ুয়া শ্যামা | ট্যালেন্টপুল |
| ৩ | ১৫০৩৪৩ | জারিন তাসনিম | ট্যালেন্টপুল |
| ১ | ১৫০৪২৫ | শোয়াইব আবেদিন তানিম | সাধারণ |
| ২ | ১৫০৩৪৮ | তাহমিনা সুলতানা মুন | সাধারণ |
| ৩ | ১৫০৩৪৬ | রাফসানা ইসলাম | সাধারণ |
| ৪ | ১৫০৩৬০ | রুশদানিয়া রহমান | সাধারণ |
| ৫ | ১৫০৩৪৭ | মেনা আরা নওরিন | সাধারণ |

এস.এস.সি পরীক্ষা-২০১৭-এ বৃত্তিপ্রাপ্তদের তালিকা

| ক্রম | রোল | শিক্ষার্থীর নাম | |
|---|---|---|---|
| ১ | ৫১৬৪৩৬ | নুবাদ্দিল আহমেদ | ট্যালেন্টপুল |
| ২ | ১০৭৪৬১ | আলফি শাহরিন মুনা | ট্যালেন্টপুল |
| ৩ | ১০৭৪৬২ | মরিয়ম মেহরিন রেনিন | ট্যালেন্টপুল |
| ৪ | ১০৭৪৭৮ | নওশিন জান্নাত | ট্যালেন্টপুল |

অকালে মৃত্যুবরণকারী দুই শিক্ষার্থীর অভিভাবককে
# নিরাপত্তা জামানতের টাকা প্রদান

হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের একাদশ শ্রেণির ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থী মোঃ মনিরুল ইসলাম সৌরভ গত ০২ এপ্রিল ২০১৭ তারিখে হৃৎক্রিয়া বন্ধ হয়ে ও বিজ্ঞান শাখার মোঃ সাফায়েত জামিল চৌধুরী গত ১৬ এপ্রিল ২০১৭ তারিখে পানিতে ডুবে মৃত্যুবরণ করায় গত ০৪ মার্চ ২০১৮ তারিখে তাদের অভিভাবকদের সেনাসদর, শিক্ষা পরিদপ্তর হতে প্রাপ্ত পরিবার নিরাপত্তা তহবিলের ৩,০০,০০০/-টাকার চেক প্রদান করা হয়।




*পারিবারিক নিরাপত্তা জামানতের চেক গ্রহণ করছেন যথাক্রমে মোঃ সাফায়েত জামিল চৌধুরী ও মোঃ মনিরুল ইসলাম সৌরভ-এর অভিভাবক*

যথাযোগ্য মর্যাদায়
# শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন

বাংলাকে রাষ্ট্রভাষার দাবিতে যাঁরা নিজেদের জীবন উৎসর্গ করেছেন, তাঁদের প্রতি শ্রদ্ধা জানাতে প্রতিবছর একুশে ফেব্রুয়ারি পালিত হয় শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। যথাযোগ্য মর্যাদায় হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ প্রতি বছরের ধারাবাহিকতায় এ-বছরও দিবসটি পালন করে। কেজি থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী এবং অধ্যক্ষের উপস্থিতিতে কলেজ-আঙিনায় স্থাপিত শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে দিবসটির কার্যক্রম শুরু হয়। সমবেত কণ্ঠে গাওয়া হয় 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি' গানটি। একুশে ফেব্রুয়ারি উপলক্ষ্যে আয়োজিত কর্মসূচির মধ্যে ছিল হস্তলিপি, রচনা প্রতিযোগিতা ও প্রামাণ্যচিত্র প্রদর্শন। এছাড়াও গান, নাচ, কবিতা আবৃত্তি, নাটিকা মঞ্চস্থ-সহ নানা উপস্থাপনার মাধ্যমে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান শিক্ষার্থীরা পরিবেশন করে। সাংস্কৃতিক পরিবেশনা-শেষে প্রতিষ্ঠানের অধ্যক্ষ সর্বত্র শুদ্ধ বাংলা ভাষা চর্চার জন্য সবাইকে আহ্বান জানান। সবশেষে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।





# বিভিন্ন ইভেন্টের চূড়ান্ত ফলাফল

| বিষয় | নাম | শ্রেণি | হাউজ |
|---|---|---|---|
| চ্যাম্পিয়ন হাউজ | বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর হাউস (বালক) | | রেড |
| | বীরশ্রেষ্ঠ ল্যান্স নায়েক মুন্সী আবদুর রউফ (বালিকা) | | |
| রানার আপ হাউস | বীরশ্রেষ্ঠ সিপাহি হামিদুর রহমান হাউস (বালক) | | গ্রিন |
| | বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ শেখ হাউস (বালিকা) | | |
| ব্যক্তিগত চ্যাম্পিয়ন বালক | মোঃ আব্দুল্লাহ রিফাত | ১০ম (বিজ্ঞান) | ব্লু |
| ব্যক্তিগত চ্যাম্পিয়ন বালিকা | সুমাইতা ইফফাত | ৮ম (বাংলা) | রেড |

| গ্রুপ | বিষয় | স্থান | প্রতিযোগীর নাম | শ্রেণি ও শাখা | হাউজ |
|---|---|---|---|---|---|
| ক বিভাগ (কেজি-১ম) - কেজি (ছাত্র) | ২৫ মিটার দৌড় | ১ম | আবিয়াত ইসলাম | কেজি (EV) | গ্রিন |
| | | ২য় | ফারহান আল ফাহমিদ | কেজি (EV) | রেড |
| | | ৩য় | জুনায়েদ চৌধুরী | কেজি (EV) | রেড |
| | ২০ মি. খেলনা দৌড় | ১ম | খান মোহাম্মদ ফয়সাল | কেজি (EV) | ব্লু |
| | | ২য় | মোসতাইন আহম্মেদ চৌধুরী | কেজি (EV) | ব্লু |
| | | ৩য় | ফারহান আল ফাহমিদ | কেজি (EV) | রেড |
| | ৪০ মিটার দৌড় | ১ম | সাকিব আহমেদ | ১ম (EV) | গ্রিন |
| | | ২য় | নুয়াম আল মুজমির | ১ম (EV) | ব্লু |
| | | ৩য় | আবরার মোর্শেদ লাবিব | ১ম (BV) | ব্লু |
| | ৪০ মি. চকলেট/ পোলো দৌড় | ১ম | মোঃ আল আমিন সাইফ | ১ম (BV) | ব্লু |
| | | ২য় | ওবায়দুল | ১ম (BV) | ব্লু |
| | | ৩য় | হাবিব মইনউদ্দিন চৌধুরী | ১ম (BV) | রেড |

| গ্রুপ | বিষয় | স্থান | প্রতিযোগীর নাম | শ্রেণি ও শাখা | হাউজ |
|---|---|---|---|---|---|
| ক বিভাগ (কেজি-১ম) - কেজি (ছাত্রী) | ২০ মিটার দৌড় | ১ম | সারা আফরিন | কেজি (EV) | ব্লু |
| | | ২য় | ইফতিদা হোসেন | কেজি (EV) | রেড |
| | | ৩য় | আফিয়াতিক জোহা | কেজি (EV | রেড |
| | ২০ মি. খেলনা/ চকলেট দৌড় | ১ম | জাকিয়া আক্তার | কেজি (EV) | গ্রিন |
| | | ২য় | ইফতিদা হোসেন | কেজি (EV) | রেড |
| | | ৩য় | সিয়ানা হক | কেজি (EV) | গ্রিন |
| | ৪০ মিটার দৌড় | ১ম | সাদিয়া আফরিন | ১ম (BV) | রেড |
| | | ২য় | সৈয়দা রাবেয়া বুশরা | ১ম (BV) | রেড |
| | | ৩য় | মার্জিয়া রহমান | ১ম (BV) | গ্রিন |
| | ৫০ মি. চকলেট/ পোলো দৌড় | ১ম | মারজিয়া রহমান | ১ম (BV) | গ্রিন |
| | | ২য় | মুশফিকা রহমান | ১ম (BV) | গ্রিন |
| | | ৩য় | নুসরাত জাহান | ১ম (BV) | রেড |

| গ্রুপ | বিষয় | স্থান | প্রতিযোগীর নাম | শ্রেণি ও শাখা | হাউজ |
|---|---|---|---|---|---|
| খ বিভাগ ২য় - ৩য় (ছাত্র) | ৫০ মিটার দৌড় | ১ম | রায়হান কামাল | ৩য় (BV) | ব্লু |
| | | ২য় | সাইফ আল মোহতাসিন | ৩য় (BV) | রেড |
| | | ৩য় | হাবিবুন নবী বাহার | ৩য় (EV) | গ্রিন |
| | ৫০ মি. ব্যাঙ দৌড় | ১ম | হুরায়রা মুনতাসির নিরব | ৩য় (BV) | গ্রিন |
| | | ২য় | সাইফ আল মুহতাসিন | ৩য় (BV) | রেড |
| | | ৩য় | হাবিবুন নবী বাহার | ৩য় (EV) | গ্রিন |







| গ্রুপ | বিষয় | স্থান | প্রতিযোগীর নাম | শ্রেণি ও শাখা | হাউজ |
|---|---|---|---|---|---|
| ক বিভাগ ১ম - ৩য় (ছাত্রী) | ৫০ মিটার দৌড় | ১ম | তানজিবা রহমান | ৩য় (BV) | গ্রিন |
| | | ২য় | সুবাইতা জারিন | ৩য় (EV) | ব্লু |
| | | ৩য় | সাদাফ তারান্নুম | ৩য় (BV) | গ্রিন |
| | ৫০ মিটার চকলেট দৌড় | ১ম | মালিয়া হোসেন সিনহা | ৩য় (BV) | গ্রিন |
| | | ২য় | নুসরাত জাহান | ৩য় (BV) | গ্রিন |
| | | ৩য় | সুবাইতা জেরিন | ৩য় (EV) | ব্লু |

| গ্রুপ | বিষয় | স্থান | প্রতিযোগীর নাম | শ্রেণি ও শাখা | হাউজ |
|---|---|---|---|---|---|
| খ বিভাগ ৪র্থ - ৫ম (ছাত্র) | ৫০ মিটার দৌড় | ১ম | ইকরামুল করিম | ৫ম (BV) | গ্রিন |
| | | ২য় | শিহাব কবির মাহি | ৫ম (BV) | গ্রিন |
| | | ৩য় | আদিব মোঃ আদনান | ৪র্থ (BV) | রেড |
| | মোরগ লড়াই | ১ম | আজমাইন আহসান | ৪র্থ (EV) | ব্লু |
| | | ২য় | মীর মোহতাসিম | ৫ম (BV) | ব্লু |
| | | ৩য় | আব্দুল কাদের আবিদ | ৪র্থ (BV) | গ্রিন |
| | ৭০ মি. অঙ্ক কষা দৌড় | ১ম | সাদমান | ৫ম | ব্লু |
| | | ২য় | শিহাব কবির মাহি | ৫ম | গ্রিন |
| | | ৩য় | রাফিন | ৫ম | রেড |
| | মিউজিক্যাল স্টিক | ১ম | আব্দুল্লাহ পাটোয়ারি | ৪র্থ (BV) | রেড |
| | | ২য় | অর্ক | ৪র্থ (BV) | ব্লু |
| | | ৩য় | আবরার বকতিয়ার | ৪র্থ (BV) | ব্লু |

| গ্রুপ | বিষয় | স্থান | প্রতিযোগীর নাম | শ্রেণি ও শাখা | হাউজ |
|---|---|---|---|---|---|
| গ বিভাগ ৪র্থ - ৫ম (ছাত্রী) | ৫০ মিটার দৌড় | ১ম | ইকরা তাবাসসুম | ৫ম (BV) | গ্রিন |
| | | ২য় | শাহিনা তামিম | ৫ম (BV) | গ্রিন |
| | | ৩য় | নিশাত তাসনিম | ৫ম (EV) | গ্রিন |
| | স্কিপিং | ১ম | তাহরিন রেজা | ৫ম (BV) | রেড |
| | | ২য় | রিদুয়ানা আক্তার | ৫ম (BV) | ব্লু |
| | | ৩য় | জাকিয়া জাবেদ | ৪র্থ (BV) | রেড |
| | ৭০ মি. অঙ্ক কষা দৌড় | ১ম | রাইদা | ৫ম (EV) | রেড |
| | | ২য় | হাফসা | ৫ম (BV) | রেড |
| | | ৩য় | সুবাইতা | ৫ম (BV) | রেড |
| | মিউজিক্যাল স্টিক | ১ম | অর্চিতা দেবী | ৫ম (BV) | রেড |
| | | ২য় | সুমাইয়া আক্তার | ৫ম (BV) | রেড |
| | | ৩য় | মৌমিতা তাসরিন | ৫ম (BV) | গ্রিন |

| গ্রুপ | বিষয় | স্থান | প্রতিযোগীর নাম | শ্রেণি ও শাখা | হাউজ |
|---|---|---|---|---|---|
| ঘ বিভাগ ৬ষ্ঠ - ৮ম (ছাত্র) | ১০০ মিটার দৌড় | ১ম | সাদমান মাহী আলম | ৮ম (BV) | রেড |
| | | ২য় | মোহতাসিন কবির জিহাদ | ৮ম (EV) | গ্রিন |
| | | ৩য় | ইশমাম সাদাত | ৮ম (BV) | ব্লু |
| | মিউজিক্যাল স্টিক | ১ম | মোঃ ইব্রাহিম খলিলুল্লাহ | ৭ম (BV) | গ্রিন |
| | | ২য় | ফারহান তাজওয়ার | ৮ম (EV) | রেড |
| | | ৩য় | মোঃ মাহীর ফয়সাল | ৮ম (BV) | গ্রিন |
| | ৭৫ মি. পোষাক পরিধান দৌড় | ১ম | সোহানুর রহমান | ৭ম (BV) | রেড |
| | | ২য় | আজমাঈন কাবির | ৭ম (EV) | রেড |
| | | ৩য় | জাওয়াদ উল্লাহ | ৮ম (EV) | ব্লু |
| | বল থ্রো | ১ম | মোঃ আবরার | ৮ম (EV) | গ্রিন |
| | | ২য় | ইশমাম সাদাত | ৮ম (BV) | ব্লু |
| | | ৩য় | সাতিল আল ইসলাম | ৭ম (BV) | রেড |
| | ১০০ মিটার দৌড় | ১ম | সাদমান মাহি আলম | ৮ম (BV) | গ্রিন |
| | | ২য় | মোঃ ইসমাম | ৮ম (BV) | গ্রিন |
| | | ৩য় | মোঃ আবরার | ৮ম (EV) | রেড |
| | দীর্ঘ লাফ | ১ম | মোঃ ইসমাম | ৮ম (BV) | ব্লু |
| | | ২য় | মোঃ জিহাদ | ৮ম (EV) | গ্রিন |
| | | ৩য় | মোঃ আবরার | ৮ম (EV) | গ্রিন |







| গ্রুপ | বিষয় | স্থান | প্রতিযোগীর নাম | শ্রেণি ও শাখা | হাউজ |
|---|---|---|---|---|---|
| ঘ বিভাগ ৬ষ্ঠ - ৮ম (ছাত্রী) | ১০০ মিটার দৌড় | ১ম | সুমাইতা ইফফাত | ৮ম (BV) | রেড |
| | | ২য় | মাইশা নাবিলা | ৮ম (BV) | ব্লু |
| | | ৩য় | সানজিদা বাহার | ৮ম (BV) | গ্রিন |
| | স্কিপিং (দড়ি লাফ) | ১ম | সুমাইতা ইফফাত | ৮ম (BV) | রেড |
| | | ২য় | ইফফাত | ৮ম (BV) | গ্রিন |
| | | ৩য় | ফারিহা | ৭ম (BV) | ব্লু |
| | বল থ্রো | ১ম | সুমাইতা ইফফাত | ৮ম (BV) | রেড |
| | | ২য় | আফলা ফাইরুজ | ৮ম (EV) | ব্লু |
| | | ৩য় | মাইশা নাবিলা | ৮ম (BV) | ব্লু |
| | মিউজিক্যাল স্টিক | ১ম | তাসপিয়া তাবাসসুম | ৮ম (BV) | ব্লু |
| | | ২য় | সামিয়া জাহান | ৬ষ্ঠ (BV) | ব্লু |
| | | ৩য় | জাহারা বিনতে আলম | ৮ম (BV) | রেড |

| গ্রুপ | বিষয় | স্থান | প্রতিযোগীর নাম | শ্রেণি ও শাখা | হাউজ |
|---|---|---|---|---|---|
| ঙ বিভাগ ৯ম - ১১শ (ছাত্র) | ১০০ মিটার দৌড় | ১ম | আব্দুল্লাহ আল রিফাত | ১০ম (বিজ্ঞান) | ব্লু |
| | | ২য় | গোলাম মুহিত কিবরিয়া | ১০ম (বিজ্ঞান) | ব্লু |
| | | ৩য় | তাসদীদ হাসান সিনাত | ১১শ (ব্যব. শিক্ষা) | ব্লু |
| | দীর্ঘ লাফ | ১ম | আব্দুল্লাহ আল রিফাত | ১০ম (বিজ্ঞান) | ব্লু |
| | | ২য় | রিয়াজুর রহমান | ১০ম (বিজ্ঞান) | রেড |
| | | ৩য় | মুহিবুল্লাহ উমাইর | ১১শ (বিজ্ঞান) | রেড |
| | গোলক নিক্ষেপ | ১ম | দ্বারউইস উল ইসলাম | ১১শ (বিজ্ঞান) | গ্রিন |
| | | ২য় | সাফায়াত ইফতি | ১১শ (ব্যব. শিক্ষা) | গ্রিন |
| | | ৩য় | আসিফ শাহরিয়ার | ১১শ (বিজ্ঞান) | রেড |
| | ২০০ মি. দৌড় | ১ম | আবদুল্লাহ আল রিপাত | ১০ম (বিজ্ঞান) | ব্লু |
| | | ২য় | মোঃ আবদুর রাফি | ৯ম (বিজ্ঞান) | গ্রিন |
| | | ৩য় | মোঃ তাসদিদ হাসান | ১১শ (ব্যবসায়) | ব্লু |
| | উচ্চ লাফ | ১ম | আলাউদ্দিন আহমেদ | ১০ম (বিজ্ঞান) | ব্লু |
| | | ২য় | গোলাম মুঈদ কিবরিয়া | ১০ম (বিজ্ঞান) | ব্লু |
| | | ৩য় | মোঃ আসিফ শাহরিয়ার | ১১শ (বিজ্ঞান) | রেড |

| গ্রুপ | বিষয় | স্থান | প্রতিযোগীর নাম | শ্রেণি ও শাখা | হাউজ |
|---|---|---|---|---|---|
| ঙ বিভাগ ৯ম - ১১শ (ছাত্রী) | ১০০ মিটার দৌড় | ১ম | মমতা খাতুন উর্মিলা | ১০ম (বিজ্ঞান) | রেড |
| | | ২য় | উম্মে ফাতেমা মেরি | ১০ম (বিজ্ঞান) | গ্রিন |
| | | ৩য় | নাফিসা নাওয়াল | ৯ম (বিজ্ঞান) | গ্রিন |
| | কিমস গেইম | ১ম | ফাতেমা উম্মুল খায়ের | ১১শ (বিজ্ঞান) | ব্লু |
| | | ২য় | সাবিকুন নাহার | ১১শ (ব্যব. শিক্ষা) | গ্রিন |
| | | ৩য় | সাদিয়া বিনতে মোস্তফা | ১১শ (বিজ্ঞান) | ব্লু |
| | গোলক নিক্ষেপ | ১ম | উম্মে ফাতেমা মেরি | ১০ (বিজ্ঞান) | গ্রিন |
| | | ২য় | নওশিন নাওয়াল | ৯ম (বিজ্ঞান) | রেড |
| | | ৩য় | নাহিদা বেগম | ১০ম (বিজ্ঞান) | রেড |
| | ৮০ মি. ব্যালেন্স রেইস | ১ম | নাহিদা বেগম | ১০ম (বিজ্ঞান) | রেড |
| | | ২য় | আতকিয়া ফাওজিয়া দিয়া | ১০ম (বিজ্ঞান) | গ্রিন |
| | | ৩য় | আকলিমা আকতার | ১১শ (ব্যব. শিক্ষা) | ব্লু |









অকালে মৃত্যুবরণকারী দুই শিক্ষার্থীর অভিভাবককে

# নিরাপত্তা জামানতের টাকা প্রদান

হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের একাদশ শ্রেণির ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থী মোঃ মনিরুল ইসলাম সৌরভ গত ০২ এপ্রিল ২০১৭ তারিখে হৃৎক্রিয়া বন্ধ হয়ে ও বিজ্ঞান শাখার মোঃ সাফায়েত জামিল চৌধুরী গত ১৬ এপ্রিল ২০১৭ তারিখে পানিতে ডুবে মৃত্যুবরণ করায় গত ০৪ মার্চ ২০১৮ তারিখে তাদের অভিভাবকদের সেনাসদর, শিক্ষা পরিদপ্তর হতে প্রাপ্ত পরিবার নিরাপত্তা তহবিলের ৩,০০,০০০/-টাকার চেক প্রদান করা হয়।




পারিবারিক নিরাপত্তা জামানতের চেক গ্রহণ করছেন যথাক্রমে মোঃ সাফায়েত জামিল চৌধুরী ও মোঃ মনিরুল ইসলাম সৌরভ-এর অভিভাবক

যথাযোগ্য মর্যাদায়

# শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন

বাংলাকে রাষ্ট্রভাষার দাবিতে যাঁরা নিজেদের জীবন উৎসর্গ করেছেন, তাঁদের প্রতি শ্রদ্ধা জানাতে প্রতিবছর একুশে ফেব্রুয়ারি পালিত হয় শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। যথাযোগ্য মর্যাদায় হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ প্রতি বছরের ধারাবাহিকতায় এ-বছরও দিবসটি পালন করে। কেজি থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী এবং অধ্যক্ষের উপস্থিতিতে কলেজ-আঙিনায় স্থাপিত শহিদ মিনারে পুস্পস্তবক অর্পণের মধ্য দিয়ে দিবসটির কার্যক্রম শুরু হয়। সমবেত কণ্ঠে গাওয়া হয় 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি' গানটি। একুশে ফেব্রুয়ারি উপলক্ষ্যে আয়োজিত কর্মসূচির মধ্যে ছিল হস্তলিপি, রচনা প্রতিযোগিতা ও প্রামাণ্যচিত্র প্রদর্শন। এছাড়াও গান, নাচ, কবিতা আবৃত্তি, নাটিকা মঞ্চস্থ-সহ নানা উপস্থাপনার মাধ্যমে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান শিক্ষার্থীরা পরিবেশন করে। সাংস্কৃতিক পরিবেশনা-শেষে প্রতিষ্ঠানের অধ্যক্ষ সর্বত্র শুদ্ধ বাংলা ভাষা চর্চার জন্য সবাইকে আহ্বান জানান। সবশেষে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।








## ৭ মার্চের ভাষণ উদ্‌যাপন ২০১৮

সাতই মার্চ ২০১৮ তারিখে হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ কর্তৃক আয়োজিত বঙ্গবন্ধুর ঐতিহাসিক সাতই মার্চের ভাষণ প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের সামনে পরিবেশিত হয়। অনুষ্ঠানটিতে বঙ্গবন্ধুর ভাষণ প্রদর্শন ও তথ্যভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয়।

### জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৯৮তম জন্মবার্ষিকী ও

## জাতীয় শিশুদিবস পালন

হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ শ্রদ্ধার সাথে স্মরণ করেছে স্বাধীন বাংলাদেশের স্থপতি, জাতির পিতা, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। শিশুদের কলকাকলিতে মুখরিত পরিবেশে পালিত হয় 'জাতীয় শিশু দিবস'। কেজি থেকে একাদশ শ্রেণির শিক্ষার্থীদের অংশগ্রহণে বিভিন্ন অনুষ্ঠানিকতার মধ্য দিয়ে পালিত হয় দিবসটি। দিনের কর্মসূচির মধ্যে ছিল বঙ্গবন্ধুর জীবনী নিয়ে আলোচনা ও প্রামাণ্যচিত্র প্রদর্শন, রচনা প্রতিযোগিতা, আবৃত্তিসহ প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের উপস্থাপনায় চমৎকার সাংস্কৃতিক পরিবেশনা ও চট্টগ্রাম সেনানিবাসস্থ জাদুঘর 'স্মৃতি অম্লান' পরিদর্শন। প্রতিষ্ঠানের অধ্যক্ষ মহোদয় বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের হাতে পুরস্কার তুলে দেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।





বক্তব্য রাখছেন বীরমুক্তিযোদ্ধা জনাব জামাল উল্লাহ

## গণহত্যা দিবস-২০১৮

পঁচিশে মার্চ ২০১৮ তারিখে হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ 'গণহত্যা দিবস-২০১৮' উপলক্ষ্যে আলোচনাসভার আয়োজন করে। ১৯৭১ সালের পঁচিশে মার্চ কালরাত্রিতে পাকিস্তানের হানাদার বাহিনী নির্মম হত্যাযজ্ঞ চালায় এদেশের ঘুমন্ত নিরীহ বাঙালির উপর। আলোচনাসভায় ভয়ংকর সেই রাত সম্পর্কে বক্তব্য রাখেন প্রতিষ্ঠানের দুজন শিক্ষক। এরপর বীর মুক্তিযোদ্ধা জনাব জামাল উল্লাহ (সাংগঠনিক সম্পাদক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, চট্টগ্রাম জেলা শাখা) শিক্ষার্থীদের সামনে মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ করেন। সবশেষে অধ্যক্ষ মহোদয়ের বক্তৃতার মাধ্যমে অনুষ্ঠানের পরিসমাপ্তি ঘটে।



# স্বাধীনতা দিবস উদ্‌যাপন ২০১৮

প্রতিষ্ঠানের মাঠে সমবেত কণ্ঠে জাতীয় সংগীত পরিবেশন ও পতাকা উত্তোলনের মাধ্যমে মহান 'স্বাধীনতা দিবস' উদযাপনের কার্যক্রম শুরু হয়। পরে প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে দেয়ালিকা (হাউজভিত্তিক) উন্মোচন, রচনা ও আবৃত্তি প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মনোমুগ্ধকর আয়োজনের মধ্য দিয়ে দিবসটি উদযাপন করা হয়।

# পহেলা বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ উদ্‌যাপন

*মুছে যাক গ্লানি
ঘুচে যাক জরা
অগ্নিস্নানে শুচি হোক ধরা*

অতীতের ভুলত্রুটি ও বিষাদকে বিদায় জানিয়ে নেয়ার উৎসব পহেলা বৈশাখ। হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ সাড়ম্বরে সারা দেশের সাথে একাত্ম হয়ে বরণ করে নিল বাংলা ও বাঙালির অস্তিত্ব ও ঐতিহ্যের ধারক নববর্ষ ১৪২৫ বঙ্গাব্দকে। মোগল সম্রাট আকবরের শাসনামলে প্রবর্তিত হয় এই বাংলা সন। পুণ্যাহ, হালখাতার উৎসবকে কেন্দ্র করে আয়োজিত হতো বৈশাখী মেলা। সেই থেকে ধীরে-ধীরে এই উৎসব হয়ে ওঠে বাঙালির প্রাণের উৎসব। এ উপলক্ষ্যে এইচসিপিএসসি নিজস্ব কলেজ-প্রাঙ্গণে আয়োজন করে বৈশাখী মেলার। শিক্ষার্থীদের আয়োজনে ছিল হাউজভিত্তিক স্টল, শিক্ষকদের স্টল, ফুচকা-চটপটির স্টল, এছাড়াও ছিল মেহেদি ঘর। শিক্ষার্থী ও শিক্ষকদের উপস্থাপনায় ছিল মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ব্রিগেডিয়ার জেনারেল আবু মোহাম্মদ মুনির আলিম, বিএসপি, এনডিপি, পিএসসি, জি, সভাপতি, পরিচালনা পর্ষদ, হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ ও কমান্ড্যান্ট, আর্টিলারি সেন্টার ও স্কুল। উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের অধ্যক্ষ লে. কর্নেল রকিব উদ্দিন আহমেদ, পিএসসি। প্রতিষ্ঠানটির শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষকবৃন্দের পদচারণায় কিছু সময়ের জন্য মুখর ও রঙিন হয়ে ওঠে 'হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ' প্রাঙ্গণ।







## সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০১৮

প্রতিবছরের ন্যায় গত ৪ এপ্রিল ২০১৮ তারিখে মির্জা আহমেদ ইস্পাহানী উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয় 'সৃজনশীল মেধা অন্বেষণ ২০১৮'-এর পাহাড়তলী ও চান্দগাঁও থানাপর্যায়ের প্রতিযোগিতা। এতে 'ক' গ্রুপ থেকে গণিত ও কম্পিউটার বিষয়ে হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থী জোবায়ের হাসান, 'খ' গ্রুপের ভাষা ও সাহিত্য বিষয়ে ৯ম শ্রেণির শিক্ষার্থী আরবিনা মুনতাহা, বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ-বিষয়ে ৯ম শ্রেণির শিক্ষার্থী তাহমিনা সুলতানা মুন সেরা মেধাবী হিসেবে চূড়ান্তভাবে নির্বাচিত হয়। এরপর ১০ এপ্রিল ২০১৮ তারিখে সিটি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে চট্টগ্রাম বিভাগীয় শহর-পর্যায়ের 'সৃজনশীল মেধা অন্বেষণ ২০১৮'-এর চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

# জাতীয় শিক্ষা সপ্তাহ ২০১৮-এ শ্রেষ্ঠ শিক্ষাপ্রতিষ্ঠান HCPSC

প্রতিবছরের ন্যায় জাতীয় শিক্ষা সপ্তাহ গত ১৮ জানুয়ারি ২০১৮ থেকে ২০ জানুয়ারি ২০১৮ তারিখ পর্যন্ত থানাপর্যায়ে এবং ২২ জানুয়ারি ২০১৮ তারিখে জেলা পর্যায়ে ডা. খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। জাতীয় শিক্ষা সপ্তাহ ২০১৮-এর থানাপর্যায়ে হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী তানজিলা সুলতানা মিম শ্রেষ্ঠ শিক্ষার্থী (কলেজ), শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক হন আনন্দ কুমার বিশ্বাস (প্রভাষক- বাংলা) এবং শ্রেষ্ঠ প্রতিষ্ঠান হওয়ার গৌরব অর্জন করে হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ। গত ২৪ জানুয়ারি ২০১৮ তারিখে সার্কিট হাউজ, চট্টগ্রাম-এর সম্মেলন কক্ষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।



### ৪৭তম জাতীয় আন্তঃস্কুল ও মাদ্রাসা শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০১৭-১৮

৪৭তম জাতীয় আন্তঃস্কুল ও মাদ্রাসা শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০১৭-১৮-তে HCPSC অংশগ্রহণ করে জেলাপর্যায়ে বিভিন্ন ইভেন্টে চ্যাম্পিয়ন ও রানার্স আপ হওয়ার গৌরব অর্জন করে। বাস্কেটবল চ্যাম্পিয়ন (বালিকা), ক্রিকেট রানার্সআপ, ও অ্যাথলেটিক্স ইভেন্টে ৮টি-তে ১ম স্থান, ১০টি-তে ২য় স্থান ও ৭টি-তে ৩য় স্থান অর্জন করে। পুরস্কার বিতরণ করেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জনাব হাবিবুর রহমান।

### আন্তঃক্যান্টনমেন্ট খেলাধুলা প্রতিযোগিতা ২০১৮

গত ২ মে ২০১৮ তারিখে সেনাসদর কর্তৃক আয়োজিত 'আন্তঃক্যান্টনমেন্ট খেলাধুলা প্রতিযোগিতা' চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজে অনুষ্ঠিত হয়। এতে হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক এন্ড স্কুল কলেজ-এর শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। টেবিল টেনিসে অষ্টম শ্রেণির শিক্ষার্থী তাইসির জামান ও মুনতাসির রানার্স আপ হওয়ার গৌরব অর্জন করে। পুরস্কার বিতরণ করেন ব্রিগেডিয়ার জেনারেল হাবিবুর রহমান।



# বার্ষিক শিক্ষাসফর-২০১৮

## প্রথম ও দ্বিতীয় শ্রেণি

১৫ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের প্রথম ও দ্বিতীয় শ্রেণির উভয় ভার্সনের শিক্ষার্থীদের শিক্ষাসফর-২০১৮ অনুষ্ঠিত হয়েছে। এ শিক্ষাসফরের ভেন্যু ছিল আর্টিলারি সেন্টার ও স্কুল। শিক্ষার্থীরা আর্টিলারি সেন্টারের লাইব্রেরি, জিমনেসিয়াম ও গানার্স রাইডগুলো পরিদর্শন করে। খেলাধুলা, গান, আবৃত্তি পরিবেশনায় উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয় আর্টিলারি সেন্টার মাঠে। শিক্ষক-শিক্ষিকাদের আন্তরিক প্রচেষ্টা ও সহযোগিতায় অত্যন্ত সুশৃঙ্খল ও আনন্দঘন পরিবেশ পালিত হয় শিশুদের এই শিক্ষাসফর।

## তৃতীয় থেকে পঞ্চম শ্রেণি

গত ১৫ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের তৃতীয় থেকে পঞ্চম শ্রেণির উভয় ভার্সনের শিক্ষার্থীদের শিক্ষাসফর অনুষ্ঠিত হয়েছে। এ শিক্ষাসফরের ভেন্যু ছিল আর্মি মিউজিক স্কুল, চট্টগ্রাম সেনানিবাস। যাত্রাপথে শিক্ষার্থীরা চট্টগ্রাম সেনানিবাসে অবস্থিত 'স্মৃতি অম্লান' পরিদর্শন করে। এতে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যক্ষ লে. কর্নেল রকিব উদ্দিন আহমেদ, পিএসসি এবং বিদায়ি অধ্যক্ষ লে. কর্নেল মোহাম্মদ নুরুজ্জামান, জি।



## ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি

প্রতিষ্ঠানের ৬ষ্ঠ-৮ম শ্রেণির (উভয় ভার্সন) শিক্ষার্থীদের নিয়ে আয়োজিত শিক্ষাসফর গত ২৬ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে ফৌজদারহাট ক্যাডেট কলেজ ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। শিক্ষার্থীরা পরিদর্শন করে যথাক্রমে অডিটোরিয়াম, সুইমিংপুল, লাইব্রেরি মিউজিয়াম, আর্ট গ্যালারি, নয়নাভিরাম প্রাকৃতিক সৌন্দর্যে ভরা এ-ক্যাম্পাসের লেক, বিস্তীর্ণ খেলার মাঠ। অডিটোরিয়ামে শিক্ষার্থীদের উদ্দেশে একটি ডকুমেন্টারি প্রদর্শন করা হয়। শিক্ষাসফর উপলক্ষ্যে শিক্ষার্থীদের বিভিন্ন ইভেন্টে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। দুপুর ২টায় কলেজ-ক্যাম্পাসে এসে শিক্ষা সফরের কার্যক্রম শেষ হয়।



## নবম ও দশম শ্রেণি

গত ২৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে ফৌজদারহাট ক্যাডেট কলেজ ক্যাম্পাসে নবম-দশম শ্রেণির শিক্ষাসফর অনুষ্ঠিত হয়। ক্যাম্পাসে পৌঁছার পর কলেজ অডিটোরিয়ামে একটি ডকুমেন্টারি উপস্থাপন করা হয়। এরপর শিক্ষার্থীরা আর্ট গ্যালারি, লাইব্রেরিসহ ক্যাম্পাসের অন্যান্য স্থাপনা প্রদক্ষিণ করে। সবশেষে অনুষ্ঠিত সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ক্যাডেট কলেজের উপাধ্যক্ষ জনাব হুমায়ুন কবির।

## একাদশ শ্রেণি

২৮ ফেব্রুয়ারি ২০১৮, বুধবার, হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের একাদশ শ্রেণির বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীদের শিক্ষাসফর সম্পন্ন হয়েছে। এবারের শিক্ষাসফরের ভেন্যু ছিল বাংলাদেশ মিলিটারি একাডেমি (বিএমএ), চট্টগ্রাম। একাদশ শ্রেণির শিক্ষার্থীরা স্ব-স্ব শ্রেণি শিক্ষকদের তত্ত্বাবধানে বিএমএ-তে পৌঁছানোর পর কর্তৃপক্ষ শিক্ষার্থীদের উষ্ণ অভ্যর্থনা জানায়। প্রথমেই একাডেমিতে অবস্থিত বঙ্গবন্ধু কমপ্লেক্সে অডিটোরিয়ামের শিক্ষার্থীদের উদ্দেশে বাংলাদেশ সেনাবাহিনী এবং বাংলাদেশ মিলিটারি একাডেমি-সম্পর্কিত একটি তথ্যবহুল প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়। শিক্ষার্থীদের বালক, বালিকা দুইটি দলে বিভক্ত করে ল্যাঙ্গুয়েজ ল্যাব, লাইব্রেরি, মেকানিক্যাল ল্যাব, মিউজিয়াম এবং স্বাধীনতা চত্বর পরিদর্শন করানো হয়। বিএমএ-র পক্ষ থেকে বিভিন্ন দায়িত্বপ্রাপ্ত অফিসারগণ শিক্ষাসফর সফলভাবে সম্পন্ন করতে সার্বিক সহায়তা প্রদান করেন। প্রতিষ্ঠানের পক্ষ হতে অধ্যক্ষ মহোদয় বিএমএ কর্তৃপক্ষকে শুভেচ্ছা-স্মারক ও উপহার প্রদান করেন। সকলের আন্তরিক প্রচেষ্টায় সুশৃঙ্খল ও আনন্দঘন পরিবেশে উক্ত শিক্ষাসফর সম্পন্ন হয়।





## স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদ্‌যাপন

২২ মার্চ ২০১৮ তারিখে স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশের কাতারে উঠতে যে-শর্ত প্রয়োজন তা পূরণ করায় স্বীকৃতি দিয়েছে জাতিসংঘ। এই অর্জনকে সাড়ম্বরে পালন করেছে হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ। এ উপলক্ষ্যে এক আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানমালায় ছিল 'উন্নয়নের অগ্রযাত্রায় বাংলাদেশ' শীর্ষক এক প্রামাণ্যচিত্র প্রদর্শন, কুইজ ও রচনা প্রতিযোগিতা, অগ্রযাত্রা-বিষয়ক আলোচনা এবং শিক্ষার্থীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। উক্ত অনুষ্ঠানে প্রতিষ্ঠানের অধ্যক্ষ, উপাধ্যক্ষ, সহকারী প্রধান শিক্ষক, শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

# এসএসসি ২০১৮-এ কৃতিত্বপূর্ণ ফলাফল

৬ মে ২০১৮ তারিখে এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়। এবছর HCPSC থেকে ৩য় ব্যাচ এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে। এবছর বিজ্ঞান বিভাগে ৪৯ জন ও ব্যবসায় শিক্ষা বিভাগে ২৬ জন অংশগ্রহণ করে। শিক্ষার্থীদের মধ্যে ৪৫ জন 'A+' ও ৩০ জন 'A' গ্রেড পেয়েছে। আগামী দিনগুলোতে শিক্ষার্থীরা আরও ভালো ফলাফল করবে বলে কর্তৃপক্ষ আশা প্রকাশ করেন।





# এইচএসসি ২০১৮ ব্যাচের বিদায়

হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের এইচএসসি প্রথম ব্যাচের শিক্ষার্থীদের (সেশন ২০১৬-১৭, পরীক্ষা-২০১৮) বিদায়-সংবর্ধনা গত ২৯ মার্চ ২০১৮ তারিখে কলেজ-ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন প্রতিষ্ঠানের সম্মানিত অধ্যক্ষ মহোদয়। অনুষ্ঠানে শিক্ষার্থীদের উদ্দেশে দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদানের পাশাপাশি তাদের উজ্জ্বল ভবিষ্যৎ ও সাফল্য কামনায় এক সংক্ষিপ্ত মোনাজাত অনুষ্ঠিত হয়। বিদায়ি শিক্ষার্থীদের প্রতিষ্ঠানের পক্ষ থেকে শিক্ষা-উপকরণ ও শুভেচ্ছা-স্মারক প্রদান করা হয়।

# ৩ দিনব্যাপী শিক্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত



গত ১৯, ২০ ও ২১ মে তারিখে হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের আয়োজনে শিক্ষক/শিক্ষিকাদের পাঠদান, শ্রেণি ব্যবস্থাপনা-সহ সার্বিক উন্নয়ন সাধনের লক্ষ্যে Professional Development শীর্ষক শিক্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। ১৯ মে সকাল ৯.০০ ঘটিকায় অধ্যক্ষ মহোদয় লে. কর্নেল রকিব উদ্দিন আহমেদ, পিএসসি-এর স্বাগত বক্তব্যের মাধ্যমে প্রশিক্ষণ কর্মশালা শুরু হয়। উক্ত কর্মশালায় Manner and Etiquette, ফলপ্রসূ শ্রেণি ব্যবস্থাপনা, সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়ন ও মূল্যায়ন, শিক্ষকতা-পেশা ও পেশাদারিত্বসহ মোট ১৫টি বিষয়ের উপর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম টিচার্স ট্রেনিং কলেজ, বাংলাদেশ মিলিটারি একাডেমি (BMA)-সহ বিভিন্ন স্বনামধন্য শিক্ষাপ্রতিষ্ঠানের প্রশিক্ষকগণ প্রশিক্ষণ প্রদান করেন। প্রশিক্ষণ কর্মশালায় প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকাদের পাশাপাশি গানার্স ইংলিশ স্কুল ও গ্রীনহিল ইংলিশ স্কুলের বেশ কয়েকজন শিক্ষক-শিক্ষিকা প্রশিক্ষণ গ্রহণ করেন। ২১ মে তারিখে প্রশিক্ষণার্থীদের মাঝে অধ্যক্ষ মহোদয় কর্তৃক সার্টিফিকেট বিতরণের মাধ্যমে উক্ত কর্মশালার সমাপ্তি হয়।

# স্কাউট ট্রেনিং



স্কাউট একটি অরাজনৈতিক সেবামূলক সংগঠন হিসেবে বিশ্বব্যাপী পরিচিতি লাভ করেছে। এই প্রতিষ্ঠানের ৫ জন শিক্ষক-শিক্ষিকা স্কাউটলিডার বেসিক কোর্সে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। এ ছাড়াও ৮ থেকে ১২ মে ২০১৮ পর্যন্ত শিক্ষার্থীদের একটি দল 'উপদল নেতা' ও 'ব্যাজ কোর্স'-এ প্রশিক্ষণ গ্রহণ করেছে। 'সদা প্রস্তুত' এই মূলমন্ত্র ধারণ করে যে-কোনো ভালো কাজ করার জন্য স্কাউটরা সব সময় প্রস্তুত থাকে।

# Workshop on Quality Education 2018



গত ১৯ মে ২০১৮ থেকে ০৬ জুন ২০১৮ পর্যন্ত ঢাকা আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের উদ্যোগে ১৮ দিন ব্যাপী Workshop on Quality Education সম্পন্ন হয়। উক্ত ওয়ার্কশপে হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ থেকে তিনজন শিক্ষক কৃতিত্বের সাথে প্রশিক্ষণ সম্পন্ন করেন। প্রশিক্ষণার্থীরা ছিলেন জনাব ওসমান ফারুক, সিনিয়র প্রভাষক ও বিভাগীয় প্রধান, বাংলা; জনাব আব্দুল মান্নান চৌধুরী, প্রভাষক ও বিভাগীয় প্রধান (পদার্থ বিজ্ঞান) এবং জনাব কুলসুমা বেগম, জুনিয়র শিক্ষক (কৃষি শিক্ষা)। এই Workshop-এ শিক্ষকগণের গুণগতমান বৃদ্ধি ও শিক্ষণ-শিখন কার্যাবলির উপর গুরুত্বপূর্ণ ট্রেনিং সেশন পরিচালনা করেন ড. আব্দুল মালেক, অধ্যাপক, IER, ঢাকা বিশ্ববিদ্যালয়; ব্রিগেডিয়ার জেনারেল আব্দুল মান্নান, পরিচালক, শিক্ষা পরিদপ্তর, ঢাকা সেনানিবাস; ড. রতন সিদ্দিকী; পরিচালক, এনসিটিবি; প্রফেসর ড. খাদেমুল ইসলাম, প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম, ঢাকা। নাজমা পারভীন, সহযোগী অধ্যাপক, টিটিসি ঢাকা প্রমুখ।




## মহাপরিচালক বিএনসিসি কর্তৃক প্লাটুন পরিদর্শন কর্মসূচি

গত ৯ মে ২০১৮ তারিখে বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি)-এর সম্মানিত মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল এসএম ফেরদৌস, এনডিসি, পিএসসি মহোদয় হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের বিএনসিসি সিনিয়র ও জুনিয়র শাখার প্লাটুন পরিদর্শন করেন। উক্ত প্লাটুন পরিদর্শনে আরো উপস্থিত ছিলেন কর্ণফুলী রেজিমেন্ট কমান্ডার লে. কর্নেল শফিকুর রহমান, জিঃ আর্টিলারি এবং ব্যাটালিয়ন অ্যাডজুটেন্ট মেজর সৈয়দ জহির উদ্দিন মোহাম্মদ বাবর। প্লাটুন পরিদর্শনকালে প্রতিষ্ঠানের সিনিয়র প্লাটুনের পক্ষ থেকে সম্মানিত অতিথিকে 'গার্ড অব অনার' প্রদান করা হয়। অতঃপর কলেজের কেন্দ্রীয় সম্মেলন কক্ষে সম্মানিত মহাপরিচালক মহোদয় ক্যাডেটদের উদ্দেশে মূল্যবান দিক-নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। সবশেষে প্রতিষ্ঠানের অধ্যক্ষ লে. কর্নেল রকিব উদ্দিন আহমেদ, পিএসসি মহাপরিচালক মহোদয়দের হাতে প্রতিষ্ঠানের পক্ষ থেকে সম্মাননা-স্মারক তুলে দেন।

## উন্নয়নমূলক কর্মকাণ্ড

**অভিভাবক শেড নির্মাণ :** বর্ষা মৌসুমে এবং প্রাকৃতিক দুর্যোগকালে সম্মানিত অভিভাবকদের অসুবিধার কথা চিন্তা করে অভিভাবকদের বসার সুবিধার জন্য প্রায় ১২০০ বর্গফুটের অত্যাধুনিক অভিভাবক শেড নির্মাণ করা হয়েছে।

**উন্মুক্ত মঞ্চ :** প্রত্যহ অ্যাসেম্বলি কার্যক্রম, প্যারেড, বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য উন্মুক্ত মঞ্চ তৈরি করা হয়েছে।

**রোপ বিম নির্মাণ :** ছাত্র/ছাত্রীদের শরীরচর্চার সুবিধার জন্য রোপ বিম নির্মাণ করা হয়েছে।

**স্মার্টবোর্ড স্থাপন :** ডিজিটাল পদ্ধতিতে শ্রেণিকার্যক্রম পরিচালনার জন্য স্মার্টবোর্ড স্থাপন করা হয়েছে।

**প্রিফেক্ট কর্নার নির্মাণ :** হাউজ-মাস্টার ও প্রিফেক্টদের মিটিং ও অন্যান্য কার্যক্রম পরিচালনার জন্য নিচতলায় নির্মাণ করা হয়েছে প্রিফেক্ট কর্নার। এতে প্রতি মঙ্গলবার সাপ্তাহিক প্রিফেক্ট মিটিং ও অন্যান্য কার্যক্রম অনুষ্ঠিত হয়।

## একাদশ শ্রেণিতে অনলাইন ভর্তি কার্যক্রম ২০১৮



২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে নতুন শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে বোর্ড থেকে নির্ধারিত সময় ১৩ মে ২০১৮ হতে ২৬ জুন ২০১৮ তারিখ পর্যন্ত তিনটি পর্যায়ে অনলাইনে আবেদন ও নিশ্চায়ন কার্যক্রম পরিচালিত হয়। উক্ত কার্যক্রম চলাকালীন শিক্ষার্থীদের সুবিধার কথা বিবেচনা করে হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের ক্যাম্পাসে অনলাইন আবেদন ও নিশ্চয়ন বুথ এবং হেল্পডেস্ক খোলা হয়। ২৭ জুন ২০১৮ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম পরিচালিত হয়। ০১ জুলাই ২০১৮ তারিখ থেকে অরিয়েন্টেশন প্রোগ্রামের মাধ্যমে নতুন শিক্ষার্থীদের নিয়ে শ্রেণিকার্যক্রম শুরু হয়। চলতি বছর অত্র প্রতিষ্ঠানে বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখায় মোট ১৯৬ জন শিক্ষার্থী ভর্তি হয়। ভর্তিকৃত শিক্ষার্থীদের ৫টি সেকশনে বিভাজন করে বর্তমানে শ্রেণিকার্যক্রম পরিচালিত হচ্ছে।

## হাউজভিত্তিক দেয়ালিকা উন্মোচন




'মহান স্বাধীনতা দিবস-২০১৮' উদযাপন উপলক্ষ্যে প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা তিনটি হাউজভিত্তিক দেয়ালিকা তৈরি করে। হাউজভিত্তিক দেয়ালিকা প্রতিযোগিতার বিষয় ছিল 'মহান স্বাধীনতা'। বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান হাউজ-এর দেয়ালিকার শিরোনাম 'চেতনায় মার্চ', বীরশ্রেষ্ঠ মহিউদ্দিন জাহাঙ্গীর হাউজ-এর শিরোনাম, 'রক্তিম স্বাধীনতা', বীরশ্রেষ্ঠ সিপাহী মোস্তফা কামাল হাউজ-এর দেয়ালিকার শিরোনাম 'কৃষ্ণপক্ষ'। সকল শিক্ষকশিক্ষিকা, শিক্ষার্থীদের সুশৃঙ্খলভাবে দেয়ালিকা প্রদর্শন করান। দেয়ালিকাগুলোতে শিক্ষার্থীদের নান্দনিক ও সৃজনশীল শৈল্পিক প্রতিভা বিরাজমান।

## ৩৯তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ -২০১৮



'৩৯তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ' উপলক্ষ্যে ৫ মে ২০১৮ হতে ৭ মে ২০১৮ তারিখ পর্যন্ত চট্টগ্রাম মহানগরীর দুটি ভেন্যুতে প্রতিযোগিতার আয়োজন করা হয়। চট্টগ্রাম (উত্তর)-এর ভেন্যু (ভেন্যু নং: ১) ছিল চট্টগ্রাম কলেজিয়েট স্কুল এবং চট্টগ্রাম (দক্ষিণ)-এর ভেন্যু (ভেন্যু নং: ২) ছিল ডাঃ খাস্তগীর সরকারি বালিকা উচ্চবিদ্যালয়। ২টি ইভেন্টে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়:

১. প্রজেক্ট উপস্থাপন (জুনিয়র এবং সিনিয়র)

২. বিজ্ঞানভিত্তিক উপস্থিত বক্তৃতা

হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ হতে উক্ত ২টি বিষয়ে ৬ জন প্রতিযোগী অংশগ্রহণ করে। তাদের মধ্যে আরবিনা মুনতাহা (নবম শ্রেণি, বিজ্ঞান বিভাগ) জুনিয়র গ্রুপে বিজ্ঞানভিত্তিক উপস্থিত বক্তৃতায় ২য় স্থান অধিকার করে। প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম বিভাগের বিভাগীয় কমিশনার। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক, ডাঃ খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা প্রমুখ।

## অভিভাবক সমাবেশ

শিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবক-এই তিনের মিলনসেতুই গড়ে তুলতে পারে উন্নত জ্ঞানসম্পন্ন ভবিষ্যৎ প্রজন্ম। কাজেই মত বিনিময় এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদানের লক্ষ্যে HCPSC-তে নিয়মিত অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়। অভিভাবকের প্রতি শ্রদ্ধাশীলতার পরিচয় হিসেবে অত্র প্রতিষ্ঠানে অভিভাবক ছাউনি তৈরি করা হয়েছে।



# VISITORS' BOOK



[illegible]

It was nice to visit Halishahar Cantt Public School & College. I learned many thing from the college.

I wish future expansion and prosperity of the college.

Zahangir
13/1/18

Captain
S I M Zahangir

Principal
Navy Anchorage

An outstanding Institution having the smartest team of BNCC cadets. They displayed impressive turnout and drill. If possible, this college may open a BNCC Band platoon. And should have girls in the BNCC platoons.

I wish them success.

[illegible]
09/5/2018

[illegible]

[illegible]




হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ
**Halishahar Cantonment Public School & College**
www.hcpsc.edu.bd, Email : info@hcpsc.edu.bd